৫৭ বছরের ঐতিহ্যবাহী সাপ্তাহিক পত্রিকা

# আলিপুর বার্তা

কলকাতা ঃ ৫৭ বর্ষ, ১১ সংখ্যা, ১৫ পৌষ – ২১ পৌষ, ১৪২৯ ঃ ৩১ ডিসেম্বর, ২০২২ – ৬ জানুয়ারি, ২০২৩

Kolkata : 57 year : Vol No.: 57, Issue No. 11, 31 December, 2022 - 6 January, 2023 ৮ পাতা, মূল্য ৩ টাকা

**ফিরে দেখা ৫০**

শব্দহীন ইতিহাসের ভাষাকে বাঙ্ময় করে তুলতে সেদিনের শব্দচয়ন ও বানান অবিকৃত রেখে এবার আপনাদের সামনে তুলে ধরব ৫০ বছর আগের কিছু সংবাদ, প্রবন্ধ।

তিনের পাতায়

**শহরের খবর মহানগরে**

ছয়ের পাতায়

## দিনগুলি মোর...

সাত দিন, সাত সকাল। গত সাতটা দিন কোন কোন খবর আমাদের মন রাঙালো। কোন খবরটা এখনও টাটকা। আবার কোনটা একেবারেই মুছে গেল মন থেকে। গত সাতটা দিনের রঙ বেরঙের খবরের ডালি নিয়ে এই বিভাগ। আমাদের সপ্তাহ শুরু শনিবার, শেষ শুক্রবার।

**শনিবার :** ৩ টাকার চাল, ২ টাকার গম বা ১ টাকার জোয়ার



নয় আগামী ১ বছর সম্পূর্ণ বিনামূল্যে গরিব ভারতবাসীকে খাদ্য শষ্য দেওয়ার সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার। বিরোধীরা একে ভোটের লক্ষ্য বললেও স্বাগত জানিয়েছে ভারতবাসী।

**রবিবার :** কেন্দ্রীয় প্রকল্পে এ রাজ্যের কারচুপির অভিযোগ



সত্যি প্রমাণ হল আবাস যোজনার সমীক্ষায়। প্রায় সব জেলার সমীক্ষা শেষ হতেই বেরোলো ৫ লক্ষ ভুয়ো নাম। পশ্চিমবঙ্গের ভাবমূর্তি ফের নামলো দেশে।

**সোমবার :** মন কি বাতে নতুন করে করোনা বিধি মনে করিয়ে



দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বিশ্বে ফের করোনা বাড়ছে তাই এই সতর্ক বার্তা। চিন ফেরত আগ্রার এক যুবক হলেন করোনা আক্রান্ত।

**মঙ্গলবার :** তেলেঙ্গানার বিধায়ক কেনাবেচা মামলার



তদন্তভার সিবিআইকে দিল হাইকোর্ট। ভেঙে দেওয়া হয়েছে পুলিশের বিশেষ তদন্তকারী দল বা সিট। অভিযোগকারী বিধায়ক পাইলট রোহিত রেড্ডি হেনস্থার অভিযোগ করেছেন। ইডির বিরুদ্ধে সরব চন্দ্রশেখর রাও।

**বুধবার :** রাজনৈতিক নেতা মন্ত্রীদের সঙ্গে নানা




দুর্নীতিতে নাম জড়াচ্ছে সরকারি আধিকারিক এমনকি পুলিশ আধিকারিকদের। এতদিন একে বিরোধীদের অভিযোগ বা কেন্দ্রীয় এজেন্সির হেনস্থা বললেও এবার অধিকারিকদের বিরুদ্ধে তদন্তে নেমেছে রাজ্যের দুর্নীতি দমন শাখা।

**বৃহস্পতিবার :** জাতীয় শিক্ষানীতি রূপায়নে গড়া পাঁচ

পাঁচটি উপাচার্য্য কমিটিতে স্থান হল না পশ্চিমবঙ্গের। পূর্ব ও উত্তর পূর্ব কমিটিতে অন্য সব রাজ্যের উপাচার্যরা থাকলেও বাংলার কেউ স্থান পাননি।

**শুক্রবার :** বিশ্ব ফুটবলকে অনাথ করে দিয়ে ৮২ বছর বয়সে



পরলোকে পাড়ি দিলেন ফুটবল সম্রাট পেলে। কোলন ক্যান্সারে আক্রান্ত হয়ে ব্রাজিলের সাও পাওলো হাসপাতালে বেশ কিছুদিন ধরে ভর্তি ছিলেন পেলে। পেলের প্রয়ানে সমগ্র বিশ্ববাসী শোকস্তব্ধ।

সবজান্তা খবরওয়ালা

## বাংলার গবেষণাগারে নতুন রাজনীতির জন্ম

# দুর্নীতিতেও অটুট জনসমর্থন

ওঙ্কার মিত্র

একটি কেলেঙ্কারির কারণে শাসকের বদল ঘটে গেছে এমন উদাহরণ পৃথিবীর রাজনৈতিক ইতিহাসে কম নেই। ওয়াটারগেট থেকে বোফর্স, রাজনৈতিক পালাবদলে এদের ভূমিকা কম নয়। কারণ মানুষ খেতে না পেলেও দুনীতিকে কখনও পছন্দ করে না। এটাই ছিল চিরন্তন ধারণা। তবে রাজনৈতিক চেতনায় অগ্রগণ্য বলে পরিচিত পশ্চিমবঙ্গে বর্তমানে চলছে এক অন্য রাজনৈতিক ধারা।

সারদা থেকে আবাস একাধিক দুর্নীতির বাউন্সারেও কাবু করা যায়নি এ রাজ্যের শাসককে। সারদা কেলেঙ্কারি নিয়ে শোরগোলের পরে শাসকের জনসমর্থন আরও বেড়েছে। দুর্নীতির কথা উঠলে সারদার উদাহরণ বুক বাজিয়ে দেন শাসকদলের নেতা নেত্রীরা। শুধু সমর্থন নয় দুর্নীতির পাশে দাঁড়িয়ে নানা যুক্তিজাল বুনতে দেখা যায় শাসক দলের মুখপাত্রদের। এমনকি বুদ্ধিজীবি, শিল্পী বলে যাদের আমরা মুক্তমনা বলে মনে করি তাঁরাও মৌন থেকে পরোক্ষ সমর্থন জোগাচ্ছেন দুর্নীতিকে। শিক্ষায় নিয়োগ নিয়ে অর্থ তছরূপ, দুর্নীতিতে আদালতে সরকার প্রায় প্রতিদিন বেআব্রু হলে গেলেও সংবাদ মাধ্যম ছাড়া কারোর মুখে কোনো রা নেই। বাংলার রাজনৈতিক গবেষণাগার এক নতুন ফর্মুলার জন্ম দিয়েছে।

কেমন করে জন্ম হল এই




অভূতপূর্ব সম্ভাবনার। রাজনৈতিক বিশ্লেষকদের মতে নতুন আবিষ্কারের পদার্থগুলো হল বিভিন্ন প্রকল্পের মাধ্যমে দেওয়া ডোল বা অনুদান। যা দিয়ে দুর্নীতি সত্ত্বেও ক্ষমতায় টিকে থাকা যায়। গত বিধানসভা নির্বাচনের আগে বিজেপি সমর্থক বলে পরিচিত এক ভোটার বলেছিলেন ভোট দিতে গিয়ে তৃণমূলকে ভোট দিয়েছিলেন কন্যাশ্রী পাওয়া মেয়ের কথা মনে করে। অর্থাৎ এ রাজ্যের না পাওয়া মানুষগুলোকে সামান্য কিছু দিয়ে খুশি করতে পারলেই কেল্লা ফতে। ক্ষমতা আর রোজগার দুইই নিশ্চিত করা যায়। বিশ্লেষকদের মতে আসলে এই গবেষণাগার খুলেছিল বামফ্রন্ট সরকার ৩৪ বছরের শেষ দিকে। মজুতও করেছিল উপাদান। কিন্তু প্রোডাক্টটা আর তৈরি করে উঠতে পারেনি। তৃণমূল এসে নতুন গবেষণার ফল কুড়োচ্ছে। এখন যারা বিরোধী, রোজই ক্ষমতায় আসার স্বপ্ন দেখছে তারাও এই ডোল রাজনীতির পরম্পরা ধরে রাখতে চান। ফলে প্রকৃত উন্নয়ন বাদ দিয়ে ডোল রাজনীতিই বাংলার ভবিষ্যত এ বিষয়ে নিশ্চিত। এই গবেষণার ফল পাল্টাতে পারে একমাত্র জন বিক্ষোভ। চাটুকারদের টেনে সরিয়ে না দিলে এ রাজনীতি বন্ধ হওয়ার নয়। যদিও বাংলার এই গবেষণাকে মডেল করতে রাজি নয় অন্য রাজ্য। তারা একে সর্বনাশা রাজনীতি বলে মনে করে। পাশের রাজ্য ওড়িশা, বিহারের রাজনীতিবিদরা মনে করেন এই সাহায্যের রাজনীতি মানুষের কর্মক্ষমতাকে হরণ করে। ক্ষমতায় থাকার এই পন্থা রাজ্যের সার্বিক উন্নয়নের পরিপন্থী। এর চেয়ে বেশি কর্মসংস্থানের লক্ষে কাজ করা জরুরি।

বিশ্লেষকরা মনে করেন যারা আজকে পশ্চিমবঙ্গে শাসক দলের ধামা ধরছে তারা আসলে ক্ষতি করছে রাজ্যটার। কারণ এ রাজনীতি যদি ফলদায়ক হত তাহলে সবাই এটাকেই মডেল করত। ভোটের জন্য সব শাসকই অনুদান দেয় কিন্তু তা রাজ্যের ভাঁড়ারকে দুর্বল করে না।

# কর্মাধ্যক্ষের ছেলের নাম ভুয়ো চাকরির তালিকায়

কল্যাণ রায়চৌধুরী



উত্তর চব্বিশ পরগণার বারাসত ১ নং পঞ্চায়েত সমিতির পূর্ত পরিবহন কর্মাধ্যক্ষ মহম্মদ ইছা হক সর্দারের ছেলে মহম্মদ নাজিবুল্লার নাম উঠেছে ভুয়ো চাকরির তালিকায়। যা নিয়ে রীতিমতো আলোড়ন পড়ে গিয়েছে বারাসতে। তবে তার বাবা মহম্মদ ইছা হক সর্দার দাবি করেছেন, তার ছেলে কোনও নেতা নেত্রীর সুপারিশে চাকরি পায় নি। ছেলের চাকরি পাওয়ায় কোন কারচুপি তিনি মানতে নারাজ। সে চাকরি পেয়েছে নিজের যোগ্যতায়। হাইকোর্টের নির্দেশে এসএসসি নবম দশমে বেআইনিভাবে নিয়োগ হওয়া যে ৯৫২ জনের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করেছে, তাতে ৯০৮ নম্বরে নাম রয়েছে নাজিবুল্লার। বাড়ি বারাসত ১ নং ব্লকের কোটিরায়। তিনি দক্ষিণ চব্বিশ পরগনার সোনারপুর জগদ্দল হাই স্কুলে ২০২১ সালে শিক্ষকের চাকরি পান। তবে নাজিবুল্লা এ বিষয় নিয়ে কিছু বলতে চাননি। এদিকে বিজেপি অবিলম্বে তৃণমূল নেতার ছেলেকে চাকরি থেকে বহিষ্কারের দাবিতে সরব হয়েছে। ইছা হক বলেন, 'ছেলের চাকরির জন্য আমি কোনও প্রভাব খাটাইনি। দলের কোনও সাংসদ, বিধায়ক বা নেতার কাছে সুপারিশ করিনি। মহম্মদ নাজিবুল্লা তার যোগ্যতায় চাকরি পেয়েছে। তবুও ভুয়ো চাকরির তালিকায় ৯০৮ নম্বরে তার নাম এল কেন, বিষয়টি আদালতই দেখবে।' বারাসত সাংগঠনিক জেলার বিজেপি সভাপতি তাপস মিত্র বলেন, 'মহম্মদ নাজিবুল্লার কোনও যোগ্যতাই নেই শিক্ষক পদে চাকরি পাওয়ার। শুধু বরখাস্ত নয়, ওর বেতনও ফেরৎ নেওয়া হোক।' বারাসতের সাংসদ ডা. কাকলি ঘোষ দস্তিদার বলেন, 'রাজনীতি করতে হলে ন্যূনতম দায়িত্ববোধ থাকা উচিত। বারাসতের বিজেপি সভাপতির তাও নেই।'

# পিয়ালি খালের সেতু বেহাল

প্রিয় মুখার্জী

**বারুইপুর**

নামেই রয়েছে পারাপারের সেতু। কাঠ আর বাঁশের তৈরি সেই সেতুর একেবারেই জরাজীর্ণ অবস্থা। পিয়ালি খালের উপর এমনই একটি সেতুর কারণে এলাকার বাসিন্দারা চূড়ান্ত দুর্ভোগের শিকার হচ্ছেন। গ্রামের মানুষজন কার্যত বাধ্য হয়ে ঝুঁকির যাতায়াত করছেন। পড়ুয়াদেরও বিপদ মাথায় নিয়েই স্কুলে যেতে হচ্ছে এই সেতু দিয়ে। মাঝেমধ্যে ঘটছে ছোটখাট দুর্ঘটনা। বারুইপুর ব্লকের উত্তরভাগ–দমদমা এলাকায় রয়েছে এই জরাজীর্ণ সেতুটি। কেন ঝুঁকি নিতে বাধ্য হচ্ছে ছাত্রছাত্রীরাও? স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এই সেতু পার না হলে ৫ কিলোমিটার পথ ঘুরে স্কুলে যেতে হবে পড়ুয়াদের। বাসিন্দাদের অভিযোগ, স্থানীয় পঞ্চায়েতকে পরিস্থিতির কথা জানানো হলে কয়েকটি বাঁশ লাগিয়েই দায় ঝেড়ে ফেলেছে। কবে সেতুর পূর্ণ সংস্কার হবে, প্রশ্ন তুলছেন ক্ষুব্ধ গ্রামবাসীরা। যদিও বারুইপুর পূর্বের বিধায়ক বিভাস সর্দারের আশ্বাস, ওখানে কংক্রিটের সেতু নির্মাণের চিন্তাভাবনা চলছে। সমস্যা মিটে যাবে। বারুইপুর ব্লকের বৃন্দাখালি ও হাড়দহ গ্রাম পঞ্চায়েতের মাঝে এই সেতু। হাড়দহ পঞ্চায়েতের ৬টি পাড়ার লোকজন এই সেতু দিয়ে নিত্য যাতায়াত করেন। দমদমা হাইস্কুলের পড়ুয়াদের আসতে হয় এই ভগ্ন সেতু দিয়ে। এলাকার মানুষ দীর্ঘদিন ধরে এখানে কংক্রিটের সেতুর দাবি জানিয়ে আসছে। কয়েকজন পড়ুয়া জানায়, সেতুর অবস্থা এতটাই খারাপ যে কোথাও কোথাও বাঁশ ও কাঠ আলগা হয়ে গিয়েছে। দড়ি দিয়ে বেঁধে কাজ চালানো হচ্ছে। সম্প্রতি কয়েকজন খালে পড়েও গিয়েছে এর জন্য। এক ছাত্রের কথায়, এই সেতু ব্যবহার না করলে অনেকটা রাস্তা ঘুরতে হবে আমাদের। দেরি হলে আবার স্কুলে ঢুকতে দেবে না। বাসিন্দারা আরও বলেন, ভারী কিছু নিয়ে এই সেতু দিয়ে যাতায়াতই করা যায় না। প্রতি পদেই বিপদ। কংক্রিটের সেতু হলে সবচেয়ে ভালো হয়।

# আবাস যোজনা নিয়ে বিক্ষোভ

সুভাষ চন্দ্র দাশ



আবাস যোজনা নিয়ে আন্দোলনে ঝাঁপিয়ে পড়লো এসইউসিআই এর নেতৃত্ব।বুধবার দুপুরে এসইউসিআই নেতা চন্দন মাইতি ও বিকাশ শাসমল এর নেতৃত্বে বিশাল মিছিল সহকারে বিক্ষোভ দেখানো হয় গোসাবা ব্লক সমষ্টি উন্নয়ণ আধিকারীক এর অফিসের সামনে। এরপর এসইউসিআই নেতৃত্ব গোসাবার সমষ্টি উন্নয়ণ আধিকারীকের নিকট একটি স্মারকলিপি প্রদান করেন।এসইউসিআই নেতৃত্বের দাবী প্রকৃত উপভোক্তা যেন আবাস প্রকল্পের সুবিধা পায়। কারণ ইদানিং শাসক দলের লোকজন স্বজন পোষন শুরু করে দিয়েছে। শাসকদলের স্থানীয় নেতৃত্বের পরিবারের একাধিক লোকজন সুবিধা পাওয়ার জন্য তোড়জোড় শুরু করেছে।এমন কি একই পরিবারের একাধিক নামও রয়েছে।সেগুলো বাতিল করতে হবে।পাশাপাশি কোন রাজনৈতিক রঙ না দেখে যাতে করে প্রকৃত দরিদ্র উপভোক্তা আবাস যোজনায় সুযোগ পায় সেই আবেদন জানিয়েছেন এসইউসিআই নেতৃত্ব।

এসইউসিআই এর জেলা নেতা চন্দন মাইতি বলেন আমরা বিডিও সাহেব কে স্মারকলিপি জমা দিয়েছি। তিনি আশ্বাস দিয়েছেন বিষয়টি খতিয়ে দেখবেন।তবে যদি আবাস যোজনায় পুণরায় কোন ধরনের কারচুপি হয় তাহলে আমরা দীর্ঘতর আন্দোলনে নামতে বাধ্য থাকবো।'

আবাস যোজনার আরও খবর তিনের পাতায়

## পঞ্চবটি বন্ধ, অপরিচ্ছন্ন নহবতখানা, মা ভবতারিণীর

# দক্ষিণেশ্বরে চরম অব্যবস্থার অভিযোগ

আজাদ বাউল



পঞ্চবটির পাতায় পাতায় শ্রীরামকৃষ্ণের নাম লেখা আছে বলে একদা এক ভক্তশিল্পীর কণ্ঠের মাধুর্য বাঙালিকে আচ্ছন্ন করেছিল। শ্রীরামকৃষ্ণের সর্ব ধর্ম সমন্বয়ের সাধনপীঠ পঞ্চবটি আজ ভক্তশূন্য। কোভিড যুগের সূচনা থেকে একই অবস্থা চলছে। ভক্তের ঢল ক্রমশ বাড়ছে বিশেষ করে নতুন স্কাইওয়াক হওয়ার সুবাদে। কোনও ভক্তকেই প্রবেশ করতে দেওয়া হচ্ছে না দক্ষিণেশ্বরের পঞ্চবটি ও পঞ্চমুন্ডির প্রাঙ্গণে। বাঁশের ব্যারিকেড দিয়ে আটকে দেওয়ার কারণে উপচে পড়া ভিড় আরও প্রকট হয়েছে যেন করোনার আবাহনের পরিস্থিতি। অন্যদিকে, দূর দূরান্ত থেকে আসা সাধারণ ভক্তরা তাদের পূর্ব পরিচিত ভাতের হোটেল আর খুঁজে পায় না পুজো দেওয়ার পর। বাধ্য হয়ে সুবিশাল কর্পোরেট 'ভোজনালয়'–এ অতিরিক্ত পকেট খরচা করে দক্ষিণ ভারতীয় খাবার খেতে বাধ্য হচ্ছেন। ছোট ছোট খাবারের দোকানের ইতিহাস। জুতো চটি রাখার জায়গাগুলি এখন সম্পূর্ণভাবে পয়সা দিয়ে কাউন্টারে রাখার ব্যবস্থা হয়েছে। সেখানে মোবাইল ফোন, ব্যাগ ইত্যাদি জমা রাখার জন্য আলাদা আলাদা পয়সা গুনতে হচ্ছে। বছর শেষে ভক্ত বাঙালির অন্যতম গন্তব্য দক্ষিণেশ্বরের মা ভবতারিণীর মন্দির। শ্রীরামকৃষ্ণ–বিবেকানন্দের পদধূলি ধন্য দক্ষিণেশ্বর চত্বরে অপরিচ্ছন্ন পরিবেশ ভক্ত হৃদয়ে ব্যথা লাগবেই। খোদ নহবতখানা যেখানে শ্রীসারদা মা বসবাস করতেন সেই গৃহের পিছনে আবর্জনার স্তূপ বহুদিন পরিষ্কার পরিচ্ছন্ন হয়নি।

এরপর পাঁচের পাতায়

# হাওড়া থেকে নদীপথে চোলাই

কুনাল মালিক

**দক্ষিণ ২৪ পরগনা**



বেশ কিছুদিন হাওড়া জেলার শাঁখাভাঙা থেকে হুগলি নদী পথে চোলাইয়ের ব্যবসা বন্ধ ছিল। কিন্তু আবার নতুন করে নদীপথে চোলাইয়ের রমরমা ব্যবসা শুরু হয়েছে। দক্ষিণ পরগনা জেলার নোদাখালী থানা এলাকার গজাপোয়ালী অঞ্চলের বারাতলায় হুগলি নদীর তীরে লাকী ইঁট ভাটার কিছুটা দূরত্বে প্রতিদিন ভোর রাত্রি থেকে শাঁখাভাঙা থেকে নৌকা করে চোলাই নামছে। জনৈক অজয় নামে এক ব্যক্তি ওই নৌকায় থাকে যিনি চোলাই সরবরাহ করছে। স্থানীয় বাসিন্দারা জানালেন দিনের আলো ফোটার অনেক আগেই হাওড়া জেলা থেকে নদীপথে চোলাই বোঝাই নৌকা তীরে ঠেকে। তারপর অটো–টোটো ও অন্য যানবাহন করে চোলাই জেলার অন্যত্র ছড়িয়ে পড়ে। দিনের আলো ফুটলে শুরু হয় খুচরো ব্যবসা। স্থানীয় এবং দূরবর্তী এলাকার লোকজন নদীতে নেমে লিটার লিটার চোলাই কেনে। স্থানীয় সুস্থ মানুষজনের আশঙ্কা চোলাই মদ যদি কোনও কারণে বিষাক্ত হয়, তাহলে প্রাণহানির ভয় থাকে। তাছাড়া সকাল থেকেই অনেকে চোলাই খেয়ে প্রতিদিনই নদীর তীরে ঝগড়া অশান্তি করে। প্রসঙ্গত কয়েক বছর আগে নোদাখালী থানা এলাকার মুচির পোল এলাকায় বিষ মদ খেয়ে বেশ কয়েকজন মানুষের মৃত্যু হয়েছিল। স্থানীয় মানুষজনের দাবি নদী তীরে চোলাই মদ বিক্রি বন্ধ করতে প্রশাসন উদ্যোগী হোক। সেই সঙ্গে মানুষের এও দাবি হাওড়া জেলার শাঁখাভাঙায় যেখানে চোলাই মদ উৎপাদিত হচ্ছে সেখানে আবগারি দফতর অভিযান করে কড়া ব্যবস্থা নিক।

এরপর পাঁচের পাতায়

# বছর শুরুর আগেই বাংলার জন্য 'কল্পতরু' নরেন্দ্র মোদী

**নিজস্ব প্রতিনিধি :** গত ৩০ ডিসেম্বর সশরীরে হাওড়াতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হঠাৎ তাঁর মাতৃ বিয়োগের কারণে হয়তো উপস্থিত থাকতে পারেন নি। কিন্তু ঘোষিত সমস্ত কর্মসূচিরই ভার্চুয়ালী উদ্বোধনে নরেন্দ্র মোদী কোনো কিছুর খামতি রাখেননি। নতুন বছরের প্রথম দিন দক্ষিণেশ্বরে শ্রীরামকৃষ্ণের ঐতিহ্যবাহী কল্পতরু উৎসব হয়। ঐ দিন ভক্তরা যা প্রার্থনা করেন তাই পান– এমনই বিশ্বাস দীর্ঘ পরম্পরার। আর নতুন বছরের আগেই বাংলার জন্য 'কল্পতরু' হলেন নরেন্দ্র মোদী। পশ্চিমবঙ্গের অগ্রগতির জন্য ৭৬০০ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করেন তিনি। রাজ্য প্রথম পেল বন্দেভারত এক্সপ্রেস। হাওড়া থেকে নিউজলপাইগুড়ি পৌঁছানো যাবে মাত্র ৭ ঘন্টা ৩০ মিনিটে। সূত্রের খবর আরো একটি বন্দেভারত এক্সপ্রেস পেতে পারে বাংলা। এছাড়াও দক্ষিণ শহরতলীর যানজট কবলিত জোকা থেকে তারাতলা পর্যন্ত ৬.৫ কিলোমিটার রাস্তায় এদিন জোকা–তারাতলা মেট্রো প্রকল্পেরও উদ্বোধন হয়। নমামি গঙ্গে ৭টি পয়ঃনিষ্কাষণ পরিকাঠামো প্রকল্পের উদ্বোধনের ফলে গঙ্গানদীতে প্রবাহিত ২০৩ এমএলডি বর্জ্য জল বন্ধ করবে, তাতে ১৪টি পৌরসভার উপকার হবে। ইলিশ সহ অন্যান্য মাছের সংখ্যা বৃদ্ধি হবে । ডঃ শ্যামাপ্রসাদ মুখজী ন্যাশনাল ইন্সটিটিউট অফ



ওয়াটার অ্যান্ড স্যানিটেশনেরও এদিন উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। এছাড়াও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন নিউজলপাইগুড়ি পায়নিষ্কাশন পরিকাঠামো প্রকল্পেরও উদ্বোধন ফলে ঐতিহাসিক আদিগঙ্গার



পুনরুজ্জীবন সম্ভব হবে।

দেশের প্রতি উৎসর্গ করেন বৈচি–শক্তিগড় তৃতীয় লাইন, ডানকুনি– চন্দনপুর চতুর্থ লাইন, নিমতিতা– নিউ ফারাক্কা ডাব্লিং, অম্বরি ফালাকাটা–নিউ ময়নাগুড়ি– গুমানিহাটে ডাব্লিং রেল লাইন। এই সব প্রকল্পের ফলে ট্রেন চলার সময় উল্লেখযোগ্য ভাবে হ্রাস পাবে। মানুষের জীবনে গতি আসবে। এদিনের ভার্চুয়ালী অনুষ্ঠানে হাওড়ায় উপস্থিত ছিলেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যদিও তিনি মঞ্চের নিচে থেকেই বক্তব্য রাখেন। মঞ্চে ছিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও। বাংলার জন্য কেন্দ্র সরকারের এই যে আর্থিক প্যাকেজের মাধ্যমে আগামী দিনে নানা প্রকল্প রূপায়িত হবে। তার জন্য কেন্দ্র সরকারও যথেষ্ট নজরদারী চালাতে হবে, তা না হলে সমস্ত প্রকল্পই মুখ থুবড়ে পড়বে।

ছবি : অরুণ লোধ

## আবাস যোজনার সমীক্ষা ঘিরে

# অঙ্গনওয়াড়ি কর্মীদের বিক্ষোভ নামখানায়

**অমিত মণ্ডল :** আবাস যোজনার সমীক্ষা ঘিরে বিজেপি ও অঙ্গনওয়াড়ি কর্মীদের দফায় দফায় বিক্ষোভের জেরে উত্তাল হয়ে উঠল দক্ষিণ ২৪ পরগনার নামখানা। রাতের অন্ধকারে আবাস যোজনার তালিকা তৈরি করা ও প্রকৃত প্রাপকদের বঞ্চিত করার অভিযোগে নামখানা পঞ্চায়েত ঘেরাও করে বিক্ষোভ দেখাতে শুরু করে বিজেপি কর্মী- সমর্থকরা। বিক্ষোভের জেরে বন্ধ হয়ে যায় পঞ্চায়েতের কাজকর্ম।

দুই ঘন্টা বিক্ষোভ চলার পরে এই বিক্ষোভের রেশ গিয়ে পড়ে নামখানা বিডিও অফিসে। বিডিও চত্বরে অবস্থান বিক্ষোভ শুরু করে বিজেপি। প্রায় ৬ ঘন্টা ধরে চলে এই গনঅবস্থান। বিজেপি কর্মী সমর্থকরা বিডিও অফিসের গেট অবরোধ করে বিক্ষোভ দেখাতে থাকে। ফলে ব্যাহত হয় বিডিও অফিসের কাজ কর্ম।

বিডিও অফিসে বিভিন্ন দরকারী কাজ নিয়ে আসা বহু সাধারন মানুষকে নিরাশ হয়ে বাড়ি ফিরতে হয়। বিডিও অফিসের ভেতর আটকে পড়ে নামখানা পঞ্চায়েত সমিতির সভাপতি কল্পনা মালি সহ বিডিও অফিসের সরকারি আধিকারিকরা। বিক্ষোভকারীরা জানাতে থাকে নামখানার বিডিও তাদের সঙ্গে দেখা করার পর অবরোধ তুলে নেবে। তবে ছয় ঘন্টার বিক্ষোভ চলার পর নামখানার বিডিও ফোনে বিক্ষোভ কারিদের সঙ্গে কথা বলেন। তারপরেই বিক্ষোভ কারীরা অবস্থান তুলে নেন। এ বিষয়ে বিজেপির মথুরাপুর সাংগঠনিক জেলার সাগর বিধানসভার মন্ডল ফাইভের সভাপতি অনুপ সামন্ত বলেন বিডিও স্যারের সঙ্গে ফোনে কথা হয়েছে। উনি জানিয়েছেন নামখানা পঞ্চায়েতে রাতের অন্ধকারের যে দুর্নীতি হয়েছে তদন্তের মাধ্যমে আধিকারিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে ও সঠিক তদন্তের মাধ্যমে যোগ্য প্রাপকরা বাড়ি পাবে।

অন্যদিকে গতকাল নামখানা ব্লকের বুধাখালি পঞ্চায়েতের রাজনগর ঘোলাপাড়ায় আবাস যোজনার তালিকা নিয়ে গরমিলের অভিযোগ তুলে অঙ্গনওয়াড়ির শিক্ষিকা মিতা পণ্ডাকে আটকে রাখেন স্থানীয় বাসিন্দাদের একাংশ। পরে পুলিশ গিয়ে ওই শিক্ষিকাকে উদ্ধার করে। এই ঘটনার প্রতিবাদে বুধবার ওই পঞ্চায়েত এলাকার একাধিক অঙ্গনওয়াড়ি কেন্দ্র বন্ধ থাকে।

নিরাপত্তার দাবীতে অঙ্গনওয়াড়ি কর্মীরাও নামখানা বিডিও অফিসে ধর্নায় বসেন। নিরাপত্তা সুনিশ্চিত করার দাবী তোলেন তাঁরাও। নিরাপত্তা সুনিশ্চিত না করা পর্যন্ত আগামী দিনে নামখানা ব্লকের সমস্ত আইসিডিএস সেন্টার বন্ধ রাখার হুঁশিয়ারি দিয়েছেন বিক্ষোভকারী অঙ্গনওয়াড়ি কর্মীরা।

# অস্ত্র সহ ধৃত এক

**নিজস্ব প্রতিনিধি :** পঞ্চায়েত ভোটের আগে জেলা জুড়ে চলছে বেআইনি অস্ত্র উদ্ধারের কাজ। এবারে অস্ত্র উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ালো বকুলতলা থানা এলাকার বেলে দূর্গানগর পঞ্চায়েতের বুইজবাটি গ্রামে।গোপন সূত্রে খবর পেয়ে বকুলতলা থানার পুলিশ বাড়ি থেকে রবিবার রাতে বাপি সরকারকে অস্ত্রসহ গ্রেফতার করে। উদ্ধার হয় দুটি আগ্নেয়াস্ত্র ও এক রাউন্ড কার্তুজ। কি কারনে পেশায় শ্রমিক বাপি এই অস্ত্র মজুত করেছিল তা খতিয়ে দেখছে পুলিশ। তবে এলাকার একটি দুষ্কৃতি দলের সঙ্গে বাপির যোগাযোগ আছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। বাপির স্ত্রী মেনকা সরদারের অভিযোগ কেউ তার বাড়িতে এসে না জানিয়ে ঘরের মধ্যে এই অস্ত্রগুলো রেখে দিয়ে গিয়ে পুলিশকে খবর দেয়। তিনি বলেন, আমার স্বামীকে জোর করে ফাঁসানো হয়েছে। পুলিশের প্রতি আস্থা আছে, পুলিশ সঠিক তদন্ত করে আসল দোষীকে চিহ্নিত করে তাকে শাস্তি দেবে।

# আগুন লাগিয়ে দেওয়ার অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি :** নার্সের স্কুটিতে আগুন ধরিয়ে দেওয়ার অভিযোগ উঠলো গড়িয়ার অবন্তীপুরে। একটি বেসরকারী হাসপাতালের নার্স নবমিতা বৈদ্য কাজ সেরে সোমবার রাতে অন্যান্যদিনের মতো নিজের স্কুটিটি রেখে বাড়িতে চলে যান। রাত্রি আড়াইটা নাগাদ আচমকাই প্রতিবেশীর ফোন পেয়ে বাড়ির বাইরে এসে দেখেন দাউ দাউ করে জ্বলছে তার স্কুটিটি। পাশে থাকা আরেকটি বাইকও ক্ষতিগ্রস্ত হয় আগুনে। স্থানীয়রা তড়িঘড়ি আগুন নেভানোর কাজে হাত লাগায়। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, গভীর রাত পর্যন্ত রাস্তার পাশে অনেকেই মদ্যপানের আসর বসায়। তাদেরই কেউ স্কুটিটিতে আগুন ধরিয়ে দিয়েছে। নরেন্দ্রপুর থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# সাগরের পুলিশি ব্যবস্থা

**অহীন ঘোষ :** ২৫ ডিসেম্বর সুন্দরবনের পুলিশ সুপার এক সাংবাদিক সম্মেলনে বলেন মুখ্যমন্ত্রীর নির্দেশে এবারের গঙ্গা সাগর মেলায় আইন শৃঙ্খলা রক্ষার জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হবে। ১৩ হাজার পুলিশ কর্মী বিভিন্ন জায়গায় মোতায়েন থাকবেন। এবছর নতুন সংযোজন।

পুলিশের মহিলা উইনার্স টিম। আধুনিক অস্ত্র সস্ত্রে সজ্জিত ৩০ জনের একটি টিম তৈরী করা হয়েছে। এদের মধ্যে ২০জন থাকবেন গঙ্গা সাগর। বাকি ১০ জন কাকদ্বীপে। যখন যেখানে প্রয়োজন হবে সেখানে তারা পৌঁছে যাবেন। পুলিশ সুপার বলেন যে কোনো পরিস্থিতি মোকাবিলা করতে এই মহিলা উইনার্স টিম কে অত্যন্ত উচ্চ মানের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এ বছর তীর্থ যাত্রীর সংখ্যা গত দু'বছরের তুলনায় অনেক বেশি হবে। সে জন্য সাময়িক ভাবে কিছু স্বেচ্ছাসেবক নেওয়া হবে। তাদের প্রশিক্ষণ দিয়ে গঙ্গা সাগর মেলার কাজে লাগানো হবে। কলকাতা থেকে গঙ্গা সাগর মেলা পর্যন্ত কলকাতা পুলিশ এবং রাজ্য পুলিশের সমন্বয়ে কাজ হবে। সব ধরণের নাশকতা এবং উস্কানিমূলক আচরণ প্রতিহত করার জন্য সাদা পোশাকের পুলিশ সর্বএ নজর রাখবে। মুড়ি গঙ্গা নদীতেও গত বারের মত নজর দারি থাকবে। সিসিটিভি এবং ড্রোন এ নজর দারি করা হবে।

# দুঃস্থদের সেবায় জন্মদিন পালন

**নিজস্ব প্রতিনিধি :** ক্যানিং থানার অন্তর্গত মাতলা ১ গ্রাম পঞ্চায়েতের গোয়ালাপাড়া। সেখানেই বাবা-মায়ের সঙ্গে থাকে কলকাতার বঙ্গবাসী কলেজের কলাবিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র বাপন সরদার। রবিবার ছিল তার ২৩ তম জন্মদিন। বরাবরই জন্মদিনটি ভিন্নভাবে পালন করা হয় পরিবারের পক্ষ থেকে। মেতে ওঠে বন্ধুবান্ধব ও পাড়া প্রতিবেশীরা। নিজের জন্মদিন ভিন্নভাবে পালন করবেন বলে তিন বছর আগে সংকল্প করেছিল বাপন। বড়দিনের ভিড়ে হারিয়ে না গিয়ে বন্ধুবান্ধবদের নিয়ে গভীর রাতের অন্ধকারে বেরিয়ে পড়েছিল ওই কলেজ পড়ুয়া। সঙ্গে ছিল পোলাও, চিকেন কসা, মিষ্টি সহ অন্যান্য খাবার। ক্যানিং ষ্টেশনের আশেপাশে খোলা আকাশের নীচে থাকা ভবঘুরেদের হাতে তুলে দিলেন সেই সব খাবার। বাপন সরদার জানিয়েছে, বাড়িতে হইহুল্লোড় করে জন্মদিন পালন করে আনন্দে মেতে উঠি। সেই আনন্দ বদ্ধ ঘরেই আবদ্ধ থাকে। তখনই মনে পড়ে অসহায় ভাবে ফুটপাথে পড়ে থাকা মানুষদের কথা। সেজন্যই নিজের জন্মদিন দুঃস্থ মানুষের আনন্দদানের মধ্যে ভাগ করে নিতে সামান্য একটু আহার তুলে দিয়েছি। আজীবন এমনভাবে জন্মদিন পালন করে যাবো।

# আবাস যোজনার দুর্নীতির বিরুদ্ধে বিজেপির ডেপুটেশন

## বিষ্ণুপুর–১

**নিজস্ব প্রতিনিধি :** গত ২৯ ডিসেম্বর ডায়মন্ড হারবার বিজেপির সাংগঠনিক জেলার পক্ষ থেকে আবাস যোজনা ও ১০০ দিনের কাজে দুর্নীতির প্রতিবাদে দঃ ২৪ পরগনা জেলার বিষ্ণুপুর–১ নম্বর ব্লকে ডেপুটেশন দেওয়া হয়। ডেপুটেশন নেন ব্লকের বিডিও সুবীর কুমার দণ্ডপাত।



গণ বিক্ষোভ ও ডেপুটেশনের নেতৃত্বে ছিলেন রাজ্য বিজেপির সহ সভাপতি কৃষ্ণা বৈদ্য, রাজ্য নেতা প্রিতম দত্ত, জেলা কনভেনার নিতিশ মণ্ডল, সহ সভাপতি সুফল ঘাঁটু, গৌতম প্রামাণিক, অভিজিৎ সরদার, দীপক হালদার প্রমুখ।

রাজ্য নেতা প্রিতম দত্ত বলেন, এই ব্লক সহ সারা রাজ্যে যশশ্বী প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী যে আবাস যোজনার টাকা গরীবদের পাঠিয়েছেন তাতে ব্যাপক দুর্নীতি হয়েছে। তৃণমূলের নেতারা ঘর পেয়েছেন। অথচ তাদের পাকা বাড়ি, গাড়ি, ফ্রিজ সবই আছে। অথচ যাদের ঘর নেই তারা ঘর পায়নি। তাই আমরা ডেপুটেশন দিলাম বিডিও সাহেবের কাছে। যাতে করে প্রকৃত গরীব মানুষরা ঘর পায় সেই বিষয়টা দেখতে বলেছি। উনিও কথা দিয়েছেন বিষয়টি খতিয়ে দেখবেন।

# গেট আটকে পুলিশ কিয়স্ক নির্মাণে বিতর্ক

**নিজস্ব প্রতিনিধি :** উত্তর চব্বিশ পরগণা জেলা সদর বারাসতের হেলাবটতলা মোড়ে ৩৪ নম্বর জাতীয় সড়কের ধারে মোয়াপাড়া মৌজার বাসিন্দা পার্থ রায়চৌধুরীর বাড়ি। বাড়ির লাগোয়া তার দোকানঘর। তিনি গুঁড়ো মশলার ব্যবসা করেন। বাম জমানায় একবার তার বাড়ির সামনে দোকান বসানোর চেষ্টা হয়েছিল। তখন এর বিরুদ্ধে হাইকোর্টের দ্বারস্থ হওয়ায় রেহাই পেয়েছিলেন তিনি। তার অভিযোগ, বর্তমান শাসকের আমলে সেরকমই একটা প্রচেষ্টা চলছে তার বাড়ির সম্মুখভাগ আটকানোর। তার বাড়ির গেটের সামনে অবৈধভাবে কংক্রিটের নির্মাণ চলছে বলে অভিযোগ। জেলাসদর বারাসত শহরের ৩৪ নম্বর জাতীয় সড়কের সার্ভিস রোডে এই নির্মাণ ঘিরে প্রশ্ন তুলেছেন অনেকেই। কোনও সাধারণ মানুষ বা সংস্থা নয়, খোদ পুলিশের বিরুদ্ধেই উঠেছে। জাতীয় সড়ক সম্প্রসারণের ফলে তার বাড়ির একেবারে কোল ঘেঁষে চলে গিয়েছে জাতীয় সড়কের সার্ভিস রোড। অভিযোগ, তার বাড়ির মূল গেটের সামনে রাস্তার উপর পিলার তুলে ট্রাফিক কিয়স্ক তৈরির কাজ করছে পুলিশ। পার্থ জানান,



তিনি জেলা পুলিশের পদস্থ কর্তাদের চিঠি দেন। তাতে কোনও লাভ হয়নি। তার ভাগ্নে তীর্থঙ্কর মৈত্র কর্মসূত্রে আমেরিকায় থাকেন। ওই জমিতে পার্থর বোনেরও অংশ রয়েছে। তীর্থঙ্কর মৈত্র ৩০ নভেম্বর মুখ্যমন্ত্রী চিঠি দিয়ে বিষয়টি জানান। এরপরেই আইজি (ট্রাফিক) বারাসতের পুলিশ সুপারকে চিঠি দিয়ে বিষয়টি দেখতে বলেন। পার্থ বলেন, 'আমার বয়েস হয়েছে। বাম জমানায় হাইকোর্টে গিয়ে বাড়ির সামনে অবৈধ দোকান বসা আটকেছিলাম। এখনতো দেখছি খোদ পুলিশই আমার বাড়ির মূল গেটের সামনেটা আটকে দিয়ে স্থায়ী কিয়স্ক নির্মাণ করছে।' এ বিষয়ে বারাসত পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার (নর্থ) বিশ্বচাঁদ ঠাকুর বলেন, 'ট্রাফিক পুলিশের সঙ্গে কথা বলে বিষয়টি খতিয়ে দেখব।' এ প্রসঙ্গে সংশ্লিষ্ট জাতীয় সড়ক কর্তৃপক্ষের এক কর্তা জানান, সার্ভিস রোড দখল করে, কোনও স্থায়ী নির্মাণ করা যায় না। তবে পুলিশ কিয়স্ক তৈরি নিয়ে যে বিতর্ক তৈরি হয়েছে তা অনভিপ্রেত। কারণ ট্রাফিক সিগন্যালিংয়ের জন্য পুলিশের তো কিয়স্ক জরুরি। তবে সেটা অবশ্যই সাধারণ মানুষের অসুবিধা সৃষ্টি করে নয়। ওখানে স্থায়ী নির্মাণ প্রসঙ্গে যে কথা শোনা যাচ্ছে তা ঠিক নয়। এ ব্যাপারে পুলিশ আধিকারিকদের সঙ্গে আমার কথাও হয়েছে। তাতে অস্থায়ী নির্মাণের কথাই হয়েছে। তবে জনস্বার্থেই পুলিশকে তাদের কাজের জন্য জায়গা দিতে হবে। আর ট্রাফিকের তো রাস্তাতেই কাজ। আর কিয়স্ক তো রাস্তাতেই থাকতে হবে। এ নিয়ে বিতর্ক অর্থহীন। আর বাড়ির মালিক তার গেট আটকানোর যে অভিযোগ তুলেছেন, তা ঠিক নয়। আগে যখন রাস্তা অপরিসর ছিল, তখন তো ওনার সামনের গেটটাই অবরুদ্ধ ছিল। কারণ ওখানে যেমন আগাছার ঝোপ-জঙ্গল ছিল, তেমনই ছিল মোটর-ট্যাক্সি স্ট্যান্ড। এখনতো সড়ক সম্প্রসারণের জন্য বরং তার বাড়ির সামনেটা উন্মুক্ত হয়ে গিয়েছে।'

# গড়িয়ায় তৃণমূলের অন্দরমহলে গৃহযুদ্ধ

**সুব্রত মন্ডল :** রাজপুর -সোনারপুর পুরসভার ৪ নম্বর ওয়ার্ডের জয় হিন্দ বাহিনীর প্রাক্তন ওয়ার্ড সভাপতি আক্রান্ত। দোকান বন্ধ করে বাড়ি ফেরার পথে আক্রান্ত হলেন। তার অভিযোগ মুখে গামছা বেঁধে লোহার রড, ব্যাট দিয়ে তার বাঁ পায়ে, কাঁধে, বুকে মারা হয়। ঘটনাটি ঘটে গড়িয়ায় স্টেশন সংলগ্ন নতুন দিয়ারা এলাকায়। আহত প্রাক্তন সভাপতির নাম শুকদেব পুরকাইত। তার ইমারতির দ্রব্যের ব্যবসা রয়েছে। রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে তাকে বাইপাস এর কাছ থেকে এক বেসরকারি নার্সিংহোমে



ভর্তি করা হয়েছে। নরেন্দ্রপুর থানার পুলিশ ঘটনার স্থলে পৌঁছে অবস্থা সামাল দেয়। রাতেই তাকে দেখতে নার্সিংহোমে যান দক্ষিণ ২৪ পরগনা জেলার জয় হিন্দ বাহিনীর সভাপতি পল্লব ঘোষ। এদিন তিনি বলেন খেয়াদহ এক নেতার নেতৃত্বে পরিকল্পনা মাফিক হামলা হয়েছে। নরেন্দ্রপুর থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। পুলিশ ব্যবস্থা নিক এলাকাবাসীর এই আবেদন ছিল। শুকদেব পুর কায়িতের মা উমা পুরকাইত বলেন , আমার ছেলেকে খুন করার পরিকল্পনা ছিল। ছেলের মাথায় বন্দুক ঠেকানো হয়েছিল। তৃণমূলের লোকজনই আমার ছেলেকে মেরেছে। বাসিন্দাদের অভিযোগ এলাকা দখল ও সিন্ডিকেট নানারকম তোলাবাজি নিয়ে পুরানো ঝামেলা ছিল দুই গোষ্ঠীর মধ্যে। নরেন্দ্রপুর থানার পুলিশ সিসি ক্যামেরার ফুটেজ জোগাড় করে তিনজনকে গ্রেপ্তার করেছে। পুলিশ জানিয়েছে এদেরকে দক্ষিণ চব্বিশ পরগনা গোসাবার পাঠানখালী থেকে গ্রেফতার করা হয়। ধৃতদের নাম রাজু মন্ডল, সুশান্ত হালদার, তুষার মন্ডল, হামলায় মোট পাঁচজনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছিল। বাকি এখনো দুজন অধরে আছে। পুলিশ তাদের ধরার জন্য চিরুনি তল্লাশি চালাচ্ছে।

# বিজেপি কর্মীকে বেধড়ক মারধর

**নিজস্ব প্রতিনিধি :** এক বিজেপি কর্মীকে বেধড়ক মারধর করার অভিযোগ উঠলো তৃণমূল আশ্রিত দুষ্কৃতিদের বিরুদ্ধে।রাতের অন্ধকারে এমন ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। ঘটনাটি ঘটেছে রবিবার রাতে ক্যানিং থানার অন্তর্গত নিকারীঘাটা গ্রাম পঞ্চায়েতের কোড়াকাঠি গ্রামে। ঘটনায় জখম হয়েছেন বিজেপি কর্মী সাধন পুরকাইত।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে নিকারীঘাটার কোড়াকাঠির বাসিন্দা সাধন পুরকাতই পেশায় একজন গ্যাস সাপ্লায়ার। এদিন তিনি তাঁর ভ্যান সারাই করার জন্য কোড়াকাঠি মোড়ে দাঁড়িয়েছিলেন। অভিযোগ



সেই সময় জনাকুড়ি তৃণমূল আশ্রিত দুষ্কৃতি তাকে ঘিরে ধরে। অতর্কিতে লাঠি, রড দিয়ে বেধড়ক মারধর করে বলে দাবী গুরুতর জখম ওই বিজেপি কর্মীর। ঘটনার খবর পেয়ে স্থানীয় বিজেপি নেতৃত্ব জখম বিজেপি কর্মীকে উদ্ধার করে ক্যানিং মহকুমা নিয়ে যায়। ঘটনা প্রসঙ্গে ক্যানিং ১ নম্বর বিজেপি মন্ডল সহ সভাপতি কিংকর মন্ডল বলেন, 'আবাস যোজনার দুর্নীতি নিয়ে আমরা শনিবার ক্যানিং ১ বিডিও সাহেব কে একটি স্মারকলিপি জমা দিয়েছিলাম। সেই সময় ওই বিজেপি কর্মী আমাদের সঙ্গে ছিলেন। সেই অপরাধে তাকে বেধড়ক মারধর করে তৃণমূল আশ্রিত দুষ্কৃতিরা। শুধু মারধর নয়, হুমকি দেয় কেউ এরপরও বিজেপি করে তবে তাদের চরম পরিণতি হবে'।

অন্যদিকে ঘটনার কথা অস্বীকার করে স্থানীয় তৃণমূল নেতৃত্বের দাবী রাতের অন্ধকারে কে কাকে মেরেছে তার কোন ঠিক নেই। বিজেপির লোকজন বলছে দুষ্কৃতিদের কাজ।কেউ রাতের অন্ধকারে মারধর করলে সে কি তৃণমূল হয়ে যায়? অযথা তৃণমূল কংগ্রেস কে দোষ দিয়ে কোন লাভ হবে না। এটা বিজেপির ঘরোয়া কোন্দলের মারামারি হয়ে থাকতে পারে। ঘটনার তদন্ত শুরু করেছে ক্যানিং থানার পুলিশ।

# নিমপীঠে কৃষক দিবস পালন

**নিজস্ব প্রতিনিধি :** গত ২৩ ডিসেম্বর শুক্রবার রামকৃষ্ণ আশ্রম কৃষি বিজ্ঞান কেন্দ্রে হয়ে গেল কৃষক সম্মান দিবস ২০২২। প্রতি বছর এই দিনটি ভারতের প্রাক্তণ প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিং এর জন্মদিন উপলক্ষ্যে সারা দেশ জুড়ে কিষান দিবস হিসাবে পালন করা হয়। এই উপলক্ষে,এদিন নিমপীঠ কেভিকে তে প্রায় ১০০ জন কৃষকের উপস্থিতিতে প্রাকৃতিক চাষ-এর উপর একটি ট্যাবলো ভ্যানের উদ্বোধন করা হয়। উপস্থিত ছিলেন বিধান চন্দ্র কৃষি



বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ড: আর কে সামন্ত, আই.সি.এ.আর. -আটারি কোলকাতার ডিরেক্টর ড: এস. কে. রায়, জয়নগরের বিধায়ক বিশ্বনাথ দাস, রামকৃষ্ণ আশ্রম কৃষি বিজ্ঞান কেন্দ্রের চেয়ারম্যান শ্রীমদ্ স্বামী সদানন্দ মহরাজ, কৃষি বিজ্ঞান কেন্দ্রের বরিষ্ঠ বিজ্ঞানী ও প্রধান ড: চন্দন মন্ডল সহ অন্যান্য বিজ্ঞানীগন। এই ট্যাবলো ভ্যান জেলার বিভিন্ন প্রান্তে ঘুরে ঘুরে চাষিদের মধ্যে প্রাকৃতিক উপায়ে চাষ করার গুরুত্ব ও পদ্ধতি সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে সাহায্য করবে। এর পলে চাষিরা কম খরচে, স্বাস্থ্যকর ও পরিবেশ বান্ধব উপায়ে চাষাবাদ করতে উৎসাহী হবেন। ভারত সরকার এর কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমারের এর ভার্চুয়াল বক্তৃতার মাধ্যমে এদিনের অনুষ্ঠানের পরিসমাপ্তি হয়।

# ফিরে দেখা ৫০

*আলিপুর বার্তা গত ১৩ অক্টোবর ২০২২ ৫৬ পেরিয়ে পা দিয়েছে ৫৭ বছরে। নিরবিচ্ছিন্ন এই চলার পথে পাতায় পাতায় ছড়িয়ে রয়েছে অজস্র সংবাদ, প্রবন্ধ, গবেষণা ও সাহিত্য যা প্রকাশনা সমুদ্রের গভীরে থাকা এক একটি রত্ন স্বরূপ। অতীতের নস্টালজিক দর্পণে এই রত্ন আকর বলে যায় ৫০ বছর আগের দিনগুলির নানা কথা। এইসব শব্দহীন ইতিহাসের ভাষাকে বাঙ্ময় করে তুলতে সেদিনের শব্দচয়ন ও বানান অবিকৃত রেখে এবার আপনাদের সামনে তুলে ধরব ৫০ বছর আগের কিছু সংবাদ, প্রবন্ধ। কেমন লাগছে জানালে আপনাদের মতামত উৎসাহিত করবে আমাদের।— সম্পাদক*

## স্বাস্থ্যকেন্দ্র স্থাপনে টালবাহানা

(নিজস্ব প্রতিনিধি)

সংবাদে প্রকাশ, মগরাহাট ২ নং ব্লকে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য স্থানীয় অধিবাসীরা দীর্ঘদিন ধরে চেষ্টা করছেন। এই ব্লক অফিসটি উস্তিহাটে অবস্থিত। উস্তিহাট সড়ক পথ, রেলপথ ও জলপথের সংযোগস্থলে অবস্থিত। এরই ২০০ গজের মধ্যে রয়েছে সেচ-বিভাগের ২০ বিঘা জমি। উস্তি মৌজায় ১৪৮, ১৫৫, ৩৬৫ থেকে ৩৭৫ দাগের অন্তর্ভুক্ত ঐ ২০ বিঘা জমির মধ্যে ২ বিঘা জমি একটি পরিবার দীর্ঘদিন ধরে অবৈধভাবে ভোগ দখল করছে। অবশিষ্ট ১৮ বিঘা জমি সরকার বিলিবন্দোবস্ত করছেন বলে জানা গেছে। আরও প্রকাশ ১৯।৫।৭২ তারিখে স্থানীয় আধিবাসীগণ ঐ কেন্দ্রের এম, এল, এ-র নিকট স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য গণ-দরখাস্ত পেশ করেন। তিনি সমস্ত বিষয়টি তদন্ত করেন এবং স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের যৌক্তিকতা স্বীকার করেন।

স্বাস্থ্যদপ্তরের রাষ্ট্রমন্ত্রী শ্রীগোবিন্দ চন্দ্র নস্করের নিকট বিশেষ মন্তব্যসহ উক্ত দরখাস্ত পাঠিয়ে দিয়েছেন। কিন্তু দুঃখের বিষয় আজও কোন সরকারী নির্দেশ এল না। স্বাস্থ্যমন্ত্রীর নিকট আমাদের জিজ্ঞাসা সকল সুযোগ-সুবিধা থাকা সত্ত্বেও এই অবহেলিত মগরাহাট পশ্চিমকেন্দ্রে যেখানে ১২ মাইলের মধ্যে কোন সরকারী হাসপাতাল নেই সেখানে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনে এই টালবাহানা হচ্ছে কেন?

*৭ম বর্ষ, ৬ষ্ঠ সংখ্যা, ৩১শে ডিসেম্বর, ১৯৭২, ১৬ই পৌষ, ১৩৭৯, রবিবার*

# ওসিকে হুমকি তৃণমূল বিজেপির

**অভীক মিত্র :** একুশে ডিসেমবর সাঁইথিয়া চারতলা মোড়ে বিক্ষোভ সভায় বীরভূম জেলা তৃণমূল সহসভাপতি মলয় মুখার্জী বলেন, কিছু প্রশাসনিক আধিকারিকরা অন্যদলের হয়ে চাটুকারিতা করছে যারমধ্যে সাঁইথিয়া থানাও আছে। সুন্দরবনে বদলি করতে আধঘণ্টা সময় লাগবে। গনতন্ত্র প্রতিষ্ঠা,বিজেপি কর্মীদের ফাঁসানো,তৃনমূলের সন্ত্রাসের বিরুদ্ধে এবং সাঁইথিয়ায় শান্তি ফেরানোর দাবিতে বীরভূম জেলা বিজেপির পক্ষ থেকে সাঁইথিয়া থানায় ডেপুটেশন জমা দিতে যাওয়ার সময় পুলিশের সঙ্গে বিজেপি কর্মীসমর্থকদের ধস্তাধস্তি বাধে ১৮ ডিসেমবর। বীরভূম লোকসভাকেন্দ্রের কনভেনার উত্তমকুমার রজক বলেন, আপনারা জোট বাঁধুন। পঞ্চায়েত নির্বাচনে লড়াই করার পাশাপাশি প্রার্থী দিন যেসব ওসিরা বাধা দেবে তাদের বাঁধুন।

# বোমায় জখম দুই

**নিজস্ব প্রতিনিধি :** মামার বাড়ির চিলেকোঠায় মজুত রাখা বোমা ফেটে জখম হল দুই বালক মাড়গ্রাম থানার একভালা গ্রামে ২৩ ডিসেম্বর দুপুরে। দুই শিশুকে আশঙ্কাজনক অবস্থায় বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। জখম শিশুদের দাদু তৃনমূল কর্মী জামিরুল ইসলামকে গ্রেপ্তার করেছে পুলিশ। জখম দুই বালকের নাম রোহন শেখ ও সোহন শেখ। ঘটনার তদন্ত শুরু করেছে মাড়গ্রাম থানার পুলিশ।

# দুই মেয়ে সহ আত্মঘাতী মা

**নিজস্ব প্রতিনিধি :** লাভপুর থানার হাতিয়া গ্রামপঞ্চায়েতের অন্তর্গত বিষয়পুর গ্রামে আল্লাদি ধীবরের সঙ্গে বিয়ে হয়েছিল সুকুমার ধীবরের। সুকুমার কর্মসূত্রে বাইরে থাকে বোলপুরে গাড়ি চালায়। ২৪ ডিসেম্বর বড়ো মেয়ের জন্মদিন থাকায় আল্লাদি তার স্বামীকে বারবার আস্তে বললে সে না আসায় পারিবারিক অশান্তির জেরে আল্লাদি দুই মেয়ে পিউ ও মৌসুমীকে সঙ্গে নিয়ে বাড়ির একটি ঘরে গায়ে কেরোসিন তেল ঢেলে আগুন ধরিয়ে দেয়। চিৎকার শুনে প্রতিবেশী শ্বশুরবাড়ির লোকজন ছুটে এসে দরজা ভেঙে উদ্ধার করে সিউড়ি সদর হাসপাতালে নিয়ে গেলে মা ও তার ছোটো মেয়েকে চিকিৎসক মৃত বলে ঘোষণা করে। বড় মেয়ে পিউ ধীবর আশঙ্কাজনক অবস্থায় সিউড়ি সদর হাসপাতালে ভর্তি রয়েছে। শারিরীক অবস্থার অবনতি হওয়ায় বর্ধমান হাসপাতালে ভর্তি করা হয়েছে তাকে। এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। সেই নিয়ে উঠছে প্রশ্ন। ঘটনার তদন্ত শুরু করেছে লাভপুর থানার পুলিশ।

# আগ্নেয়াস্ত্র, গ্রেপ্তার তিন

**নিজস্ব প্রতিনিধি :** গোপনসূত্রে খবর পেয়ে ২৩ ডিসেম্বর মধ্যরাতে নলহাটি রামমন্দির এলাকা থেকে আগ্নেয়াস্ত্র কার্তুজ উদ্ধার করলো রাজ্য পুলিশের এসটিএফ। ধৃতদের কাছ থেকে দুটি ৭.৬৫ এমএম পিস্তল, চারটে ম্যাগাজিন, তিরিশ রাউন্ড কার্তুজ উদ্ধার করা হয়েছে। ধৃত দুজন হল মুর্শিদাবাদ জেলার ডোমকলের আইনুল শেখ এবং বীরবল সরকার। ২৪ ডিসেম্বর অন্যদিকে গোপন সূত্রে খবর পেয়ে ২১ ডিসেম্বর রাতে অস্ত্র সমেত সেলারপুরের বাসিন্দা শেখ আনসারউদ্দিন গ্রেপ্তার করে সদাইপুর থানার পুলিশ। ধৃতের বাড়ি থেকে একটি দেশী পাইপগান এবং দুই রাউন্ড কার্তুজ উদ্ধার হয়েছে বলে পুলিশসূত্রে জানা গিয়েছে।

# কয়লা উদ্ধার গ্রেপ্তার এক

**নিজস্ব প্রতিনিধি :** গোপন সূত্রে খবর পেয়ে ২৪ ডিসেম্বর রাতে চিনপাই পেট্রোলপাম্পে ৬০নং জাতীয় সড়কে অবৈধ কয়লাবোঝাই লরি উদ্ধার করলো সদাইপুর থানার পুলিশ। গ্রেপ্তার করা হয়েছে। দুবরাজপুর থানার শিমুলডিহি গ্রামের বাসিন্দা ১৯ বছরের শেখ ছোটন ওরফে লালন। সাতেরো টন কয়লা উদ্ধার হয়েছে। ২৫ ডিসেম্বর সিউড়ি আদালতে তোলা হলে ধৃতকে ১৪



দিনের জেল হেফাজতের নির্দেশ দেন বিচারক। এছাড়া ২২ ডিসেম্বর রাত দেড়টা নাগাদ প্যাটেলনগরে তিনটি ডাম্পার ও একটি লরি থেকে অবৈধ কয়লা উদ্ধার করেছে বীরভূম জেলা এনফোর্সমেন্ট ব্রাঞ্চ। প্রতি গাড়িতে প্রায় চল্লিশ মেট্রিক টন কয়লা ছিল।

# ট্রেনের ধাক্কায় মৃত স্টেশন মাস্টার

**নিজস্ব প্রতিনিধি :** ইন্টারলকিং কাজ করে ফেরার পথে সাঁইথিয়া ও গদাধরপুর স্টেশনের মাঝে ভৈরবতলা মন্দিরের কাছে পদাতিক এক্সপ্রেসের ধাক্কায় ঘটনাস্থলে মারা গেলো গদাধরপুর স্টেশনের স্টেশনমাস্টার। মৃতের নাম অজয়কুমার পাশোয়ান। ঘটনার তদন্ত শুরু করেছে রেল পুলিশ।

Alipur Barta: 57 year : Vol No.: 57, Issue No. 11, 31 December, 2022- 6 January, 2023

# মহানগরে



## জল সরবরাহ বৃদ্ধিতে 'ট্রাসেল ব্রিজ'

**নিজস্ব প্রতিনিধি :** কলকাতা পৌর এলাকায় আরও বেশি পরিমাণে জল সরবরাহ বৃদ্ধি করার লক্ষ্যে উত্তর কলকাতার টালা ব্রিজের গায়ে 'ট্রাসেল ব্রিজ' তৈরির কাজ শুরু হয়েছে। ব্যারাকপুরের পলতা পরিশ্রুত পানীয় জল প্রকল্প



থেকে পাইপ লাইনের মাধ্যমে উত্তর কলকাতার টালা জলাধারে পানীয় জল সরবরাহ করা হয়। সেই পরিশ্রুত জল কলকাতায় সরবরাহ করা হয়। নির্মীয়মাণ 'ট্রাসেল ব্রিজে'র ওপর দিয়ে পাইপ লাইনের মাধ্যমে টালা থেকে অতিরিক্ত ২০ মিলিয়ন গ্যালন জল কলকাতা শহরে দৈনিক সরবরাহ করা হবে বলে জানিয়েছেন মহানাগরিক ফিরহাদ হাকিম। বর্তমানে টালা জলাধার থেকে দৈনিক ২৬২ মিলিয়ন গ্যালন জল সরবরাহ করা হয়।

## সঞ্চয় বিষয়ক কর্মশালা

**নিজস্ব প্রতিনিধি :** দূর ভবিষ্যতে টিকে থাকার জন্য সঞ্চয়ের পরিমাপ এক আলাদা বিষয় তাই ছোট থেকেই সঞ্চয়ে উৎসাহ



দেওয়ার জন্য লক্ষ্মীর ঘট বা পিগি ব্যাঙ্কের সাথে পরিচয় করিয়ে দেয় অভিভাবকরা। অল্প অল্প সঞ্চয়ই এক বৃহৎ কর্মকাণ্ডের নিদর্শন রাখে এমন উদাহরণও রয়েছে বিশ্বব্যাপী। তাই এই বিষয় নিয়ে ওয়াকিবহাল করবার জন্য নানান কর্মশালার আয়োজন করে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা। তেমনই মহেন্দ্র ফাইনান্সের সামাজিক কর্মসূচির সহায়তায় নিট ফাউন্ডেশন এক কর্মশালার আয়োজন করেছিল কয়েকদিন ধরে। এই কর্মশালায় তারা পাশে পেয়েছিল আজাদ ফাউন্ডেশন নামে আর এক সংস্থাকে। এই কর্মশালায় অংশগ্রহণ করেন ঘরের মহিলারা। এছাড়াও অংশগ্রহণে ছিল এমন কিছু মহিলা যারা নিজেরা উপার্জন করছে। তাদেরকে মূলত কিভাবে সঠিক পদ্ধতিতে সঞ্চয় করা যায় তা নিয়ে আলোচনা হয় বিস্তর। অনবদ্যভাবে এই কর্মশালায় উপস্থিত ছিলেন কিছু মহিলারা যারা নিজেরা গাড়ি চালানো শিখে এখন বিভিন্ন অ্যাপ ক্যাবে স্টিয়ারিং হাতে তুলে নিয়েছে। সত্যি তাদের দেখে গর্ব হয়। এই কর্মশালার শেষে ২৭ ডিসেম্বর সূর্য সেন মঞ্চে শংসাপত্র প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল।

সকল অংশগ্রহণকারীরা উপস্থিত ছিলেন। অতিথি হিসাবে উপস্থিত থেকে শংসাপত্র প্রদান এবং বক্তব্য রাখেন নিট ফাউন্ডেশনের শৈলেশ কুমার সহ প্রবুদ্ধ কুন্ডু ও মহিন্দ্রা ফাইন্যান্সের রাজ্যের মুখ্য সুশ্রুতি চ্যাটার্জী এবং মহিন্দ্রা ফাইন্যান্সের ডিভিশনাল মার্কেটিং ম্যানেজার অনিমেষ মুখার্জী। কর্মশালায় অংশগ্রহণকারী মহিলরা জানান, তারা এমন কর্মশালা পেয়ে খুবই উৎসাহিত ভবিষ্যতে তারা তাদের পরিচিতদেরকেও এমনভাবে উৎসাহিত করবে।

## তিন কাঠার নিচে ইওডিবি করতেই হবে

**বরুণ মণ্ডল :** তিনকাঠা বা তার কম জমি থাকলে কাগজপত্র ইওডিবি (ইজি অফ ডুইং বিজনেস)তে জমা দিয়ে বাড়ি তৈরি করতে শুরু করে দিন। ভিত (প্লিন্থ) পর্যন্ত নির্মাণ কাজ হয়ে গেলে পৌরসংস্থা এসে একবার যাচাই করে নেবে। ছোটো জমির মালিকদের জন্য এমনই নিয়ম নিয়ে এলো কলকাতা পৌরসংস্থা। কলকাতা পৌরসংস্থার বিল্ডিং দফতরের মেয়র পারিষদ তথা মহানাগরিক ফিরহাদ হাকিম বলেন, তিন কাঠা জায়গায় বাড়ি তৈরিতে ইওডিবি (ইজি অফ ডুইং বিজনেস) তে প্ল্যান জমা দিয়ে দিলে, যাদের ছোটও ছোটও জমি এক কাঠা বা দু'কাঠা বা তিন কাঠা পর্যন্ত জমিতে নিজের একটা ছোটও বাড়ি করবেন। সে কষ্ট করে টাকাপয়সা জমিয়ে ছোটও একটা বাড়ি করতে প্ল্যানটা ইওডিবি'তে জমা করলে, কলকাতা পৌরসংস্থা প্ল্যান পাসের কাজটা করতে থাকবে। আর বাড়ির মালিকও বাড়ি নির্মাণের কাজ শুরু করে দিন। বাড়িটার প্লিন্থ পর্যন্ত হয়ে গেলে কলকাতা পৌরসংস্থার বিল্ডিং



দফতরের ইন্সপেক্টরটা কেবল দেখবে জমা পরা প্ল্যান অনুযায়ী বাড়িটা তৈরি হচ্ছে কী না। কারণ কলকাতা পৌরসংস্থায় যে প্ল্যান জমা পড়ে তার দায়দায়িত্ব থাকে সরকারি রেজিস্ট্রেশনওয়ালা এলবিএসদের (লাইসেন্সড বিল্ডিং সার্ভেয়ার - গৃহনির্মাণ নকশাকারক)। তিনিই এই বাড়ির নির্মাণ বিষয়ে দায়িত্ব নেয়। যে আইনানুযায়ী এই বাড়িটি হচ্ছে। প্ল্যান স্যাংসনের জন্য অপেক্ষা করার দরকার নেই। কারণ কেএমডিএ - এর অনুমোদন আসতে ১০ থেকে ১৫ দিন দেরি হয়।

কিন্তু এখানেও একটা অসুবিধা বর্তমানে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু এলবিএস - রা ইওডিবি পদ্ধতিতে যেতে চাইছে না। তারা তাদের ক্লায়েন্টদের ইওডিবি - তে পাঠাতে চাইছে না। তারা পুরনো প্রসিডিওরে বাড়ি নির্মাণের প্ল্যান জমা দিতে চাইছে। তাতে প্ল্যান জমা হয়ে অনুমোদন হতে সময় লাগে। অ্যাসেসমেন্ট ক্লিয়ারেন্স আসেনি। ইত্যাদি বিষয়ে সময় লাগে। আর অনলাইনে প্ল্যান জমা পড়লে আমরাও অনলাইনে বিভিন্ন জায়গায় অনুমোদনের জন্য অনলাইনেই পাঠিয়ে দিই। কেএমডিএ, অ্যাসেসমেন্ট ও ফায়ার ব্রিগেডে পাঠিয়ে দিই। কিন্তু অনলাইনে না হলে প্রতিটি কাগজ এই কাগজটা আসেনি, ওই কাগজটা আসেনি, দু'চারজন অসাধুও আছে। অন্য জায়গায় যেমন আছে। ফ্রায়ার ব্রিগেডের অনুমোদন জন্য টাকা, বিভিন্ন টাকাপয়সা চাইবে। এই একটা চক্র আছে।

সেইজন্যই মহানাগরিক বলেন, মহানাগরিক হিসাবে ভাবছি, এখন দেখছি, এই বদমায়েশিটা প্রচন্ড বেড়ে যাচ্ছে। তখন আমি গৃহ নির্মাণ প্ল্যানটা ইওডিবি - তে জমা দেওয়াটাকে কমপালসরি দেওয়ার বিষয়ে ভাবছি। কারণ ওখানে জমা পড়লে তবে কাজটা শুরু করা যাবে। কারণ প্ল্যান পদ্ধতিতে মানুষের হ্যারাসমেন্ট হচ্ছে। কিন্তু কিছু প্ল্যানে সমস্যা আছে। কম্পিউটারে দিয়ে দিলে কম্পিউটার তাদের মত করে নেবে। একটু ১৯ - ২০ হলে আবার নেবে না। এটার বিষয়ে আমার কলকাতা পৌরসংস্থার প্ল্যান সিস্টেম দেখে নিতে হবে। দেখে নেওয়ার কাজ চলছে। তারপর সিদ্ধান্ত নেওয়া হবে।

## বর্ষপূর্তিতে মেয়রের রিপোর্ট কার্ড

**নিজস্ব প্রতিনিধি :** কলকাতা পৌরনিগম আইন, ১৯৮০ অনুযায়ী কলকাতা পৌরসংস্থার অষ্টম পৌর বোর্ড ২০২১ - এর ২৮ ডিসেম্বর কেন্দ্রীয় পৌরভবনের লনে শপথ নিয়ে ছিল। তার একবছর পূর্তিতে ২৮ ডিসেম্বর কেন্দ্রীয় পৌরভবনেই এক সাংবাদিক সম্মেলনে বলেন, আমি গতবছরের এই দিনে কলকাতাবাসীর কাছে আগামী এক বছরে আমার মহানাগরিকের কাজের খতিয়ান প্রতি বছর শেষে তুলে ধরবো বলে জানিয়ে ছিলাম। আগামী এক বছরে কী করলাম আর কী কাজ করতে পারলাম না। তা জানাবো বলেছিলাম। এদিন সেই মতো খতিয়ান দিতে গিয়ে জানান, গত এক বছরে কলকাতার সবুজায়নে বিভিন্ন জায়গায় ৫০,২০০টি খর্বাকৃতি গাছ লাগানো হয়েছে। এর মধ্যে ১০,২০০টি গাছ রাস্তায় দু'ধারে লাগানো হয়েছে। ১২টি ওয়াটার স্প্রিঙ্কলার কলকাতার বিভিন্ন উদ্যানে ইতিমধ্যে কাজ করছে।

কাজের পাশাপাশি কলকাতাবাসীর সমস্যার সমাধানে গত একবছরে টক টু মেয়র অনুষ্ঠানে ৬৪৬টি অভিযোগ এসেছে। তার মধ্যে ৮০ শতাংশ সমস্যার সমাধান হয়েছে। অন্যদিকে, মহানাগরিক ৯৮৩০০ ৩৭৪৯৩ এই হোয়াটসঅ্যাপ নম্বরে ২,৪৫৬টি অভিযোগ পেয়েছেন। তার মধ্যে ৭০ শতাংশের সমাধান হয়েছে।

মহানগরের নিকাশি জলের সমস্যা সমাধানে ৭৯টি ড্রেনেজ পাম্পিং স্টেশন রয়েছে। এর মধ্যে গত একবছরে নির্মিত হয়েছে কবিতীর্থ, গল্ফগ্রিণ, বডিগার্ড, কুঁদঘাট ও বেহালা পশ্চিমের শকুন্তলা পার্ক পাম্পিং স্টেশন।



এ মুহূর্তে কলকাতা মহানগরে পরিশ্রুত পানীয় জল সরবরাহে ৬৬টি বুস্টার পাম্পিং স্টেশন রয়েছে। এরই সঙ্গে চলতি বছরে তিনটি ক্যাপসুল বুস্টার পাম্পিং স্টেশন তৈরি করা হয়েছে। ১০২ নম্বর ওয়ার্ডের চিত্তরঞ্জন কলোনিতে, ১১৫ নম্বর ওয়ার্ডের তারামণি পার্কে এবং ১২২ নম্বর ওয়ার্ডের গ্রিণ পার্কে। এর সঙ্গে কলকাতায় ও তৎসংলগ্ন অঞ্চলে পানীয়জলের চাহিদা মেটাতে গার্ডেনরিচ ওয়াটার ওয়ার্কসে দৈনিক ২৫ মিলিয়ন ক্ষমতার ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টের নির্মাণ কাজ চলছে। সঙ্গে ৫ মিলিয়ন গ্যালন ক্ষমতার সেমি-আন্ডারগ্রাউন্ড রিজার্ভার ও পাম্পিং স্টেশনেরও নির্মাণ কাজ চলছে। এছাড়াও ধাপার জয়হিন্দ জল প্রকল্পে দৈনিক ৩০ মিলিয়ন গ্যালন পানীয়জল উৎপাদন কাজ চলছে। এবং গড়িয়ার ঢালাই ব্রিজের কাছে দৈনিক ১০ মিলিয়ন গ্যালন পানীয়জল উৎপাদন প্রকল্প তৈরি করা হবে। এই মুহূর্তে কলকাতায় কলকাতা পৌরসংস্থার ৭৩টি কমিউনিটি হল আছে। আরও ৭১টি কমিউনিটি হলের নির্মাণ কাজ চলছে।

এছাড়াও কলকাতা পৌরসংস্থার স্বাস্থ্য দফতর একবালপুরস্থিত ১০০ বেডের খিদিরপুর হাসপাতাল তৈরি করছে। আশা করা যাচ্ছে, জানুয়ারি মাসের ১০ তারিখে সেটির দ্বারোদঘাটন হবে।

এছাড়াও যে ন'টি কাজ প্রসেসে রয়েছে। সেগুলি হল, স্যাফের সরলীকরণ, ঠিকা টেনেন্সি, বকেয়া ট্যাক্স আদায়, প্ল্যান অনুমোদনে সিঙ্গেল উইন্ডো সিস্টেম, উৎপাদন কেন্দ্রেই জঞ্জাল পৃথকীকরণ, শহরের জলাশয় সংরক্ষণে ব্যবস্থা গ্রহণ, সমস্ত আন-অ্যাসেসমেন্ট প্লটের অ্যাসেসমেন্ট করা, অ্যাড ফ্রি জোন তৈরি এবং কলকাতার হোর্ডিং নীতি তৈরি করা।

এছাড়াও দু'টি কাজ এখনও করা হয়ে উঠেনি। কলকাতার কোন্ রাস্তায় কত হোর্ডিং থাকবে, তা নিয়ে হোর্ডিং নীতি তৈরি করে উঠা যায়নি। একটা রাস্তায় ক'টি হোর্ডিং থাকবে তা নির্দিষ্ট করে দেওয়া হবে। এছাড়াও ৭৫ মাইক্রোনের কম পুরু একবার ব্যবহৃত পলিথিন ব্যাগের রমরমা ব্যবহার নিয়ন্ত্রণে আনা সম্ভব হচ্ছে না। তা-ই জরিমানা আদায়ে কড়া হতে হবে। কলকাতায় উড়ন্ত অতি ক্ষুদ্র ধূলিকণা প্রতিরোধে দু'টি মিস্ট ক্যানন দিয়ে জল দেওয়া হচ্ছে। বাড়ির লনে আর্বান ফরেস্ট্রি করলে ওই জায়গায় ১০ শতাংশ সম্পত্তি কর মকুব করা হবে। ওয়াটার বডিতেও কর ১০ শতাংশ মকুব করা হবে। প্রসঙ্গত, কলকাতা পৌরসংস্থার বর্তমানে বিভিন্ন ক্ষেত্র মিলিয়ে এক হাজার কোটি টাকা দেনা রয়েছে।

## লেন্স বার্তা



আদি গঙ্গায় শুরু হলো আবর্জনা তোলার কাজ। তবে জানা গিয়েছে মাত্র কয়েক মিটার হবে এই কাজ, তবে স্থানীয়দের দাবি নমামি গঙ্গে প্রকল্পে জোড়া হোক আদিগঙ্গাকে।



তেলেভাজা র বাজারে চলমান গাছ বিক্রেতা।



চলছে গাছে জল দেওয়া ছবিতে ডকুমেন্ট শেয়ার করে রাখছে ড্রাইভার। ডিজিটাল কলকাতা।



কলকাতাময় সঙ্গীত সন্ধ্যা, গানে ভাসছে কলকাতা বাসী।



বছর শেষের আলোয় মোড়া, কল্লোলিনী। ছবি : অভিজিৎ কর।

# এখানে ওখানে

## যুব সম্মেলন



শ্রীঅরবিন্দের সার্ধশততম জন্মদিবস উপলক্ষে চন্দননগরের বারাসত গেট কালচারাল অ্যাসোসিয়েশনের উদ্যোগে ১৮ ডিসেম্বর রবিবার মানকুণ্ডু বিবেকানন্দ উইসডম মিশন স্কুলে যুব সম্মেলনের আয়োজন হয়। হুগলি জেলার ২৪টি স্কুলের প্রায় ২০০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। অনুষ্ঠানটির সূচনা করেন চন্দননগরের মেয়র রাম চক্রবর্তী। শ্রীঅরবিন্দের বিপ্লবী জীবন, ছাত্র ও শিক্ষকতা সম্পর্কে বক্তব্য রাখেন ভাস্কর মুখোপাধ্যায়, গৌতম ব্যানার্জী ও বিশ্বজিৎ গঙ্গোপাধ্যায়। এদিন অনুষ্ঠানে হাজির ছিলেন সংস্থার সভাপতি অরিন্দম সিংহরায়, কোষাধ্যক্ষ সুশান্ত ঘোষ, অন্যতম সম্পাদক ও আহ্বায়ক সঞ্জয় কুমার ভট্টাচার্য, সদস্যা রতি চক্রবর্তী।

তথ্য : মলয় সুর

## মায়ের জন্মতিথি

গত ১৫ ডিসেম্বর ২০২২ সন্ধ্যায় ভগিনী নিবেদিতা প্রতিষ্ঠিত 'বিবেকানন্দ সোসাইটির' উদ্যোগে জগন্মাতা মা সারদাদেবীর ১৭০তম বর্ষশুভ জন্মতিথিমহোৎসব সম্পাদক অরূপ বৈদ্যের সুষ্ঠু পরিচালনায় মহা সমারোহে অনুষ্ঠিত হল। সারদা মায়ের মহান ঐতিহাসিক জীবনী ও মানুষের প্রতি অপার স্নেহ বর্ষণ সম্বন্ধে সারগর্ভ ভাষণ দেন সুবক্তা পংকজ ব্যানার্জী। বিশেষ অতিথি ছিলেন স্বামী জ্ঞানলোকানন্দজী, স্বামী নিত্য মুক্তানন্দজী এবং স্বামী বিমলাত্মানন্দজী মহারাজ। ধন্যবাদ জ্ঞাপন করেন অমল ব্যানার্জী। উক্ত দিনে ভোরবেলা মঙ্গলারতি, সানাই বাদন, ভজন, হোম, বিশেষ পূজা, চণ্ডীপাঠ, বেদপাঠ, স্তবগান প্রভৃতি পরিবেশিত হয়। শেষে অসংখ্য ভক্তগণকে প্রসাদ বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন অগণিত শ্রোতৃবৃন্দ।

প্রতিবেদক : হীরালাল চন্দ্র

## আন্তর্জাতিক মুদ্রা উৎসব

**উজ্জ্বল সরদার :** মুদ্রা সংগ্রহ, সংরক্ষণ ও গবেষণার জন্য কলকাতায় গঠিত হয়েছিল কলিকাতা মুদ্রা পরিষদ। বছরের বিভিন্ন সময়ে মুদ্রা সংক্রান্ত প্রদর্শনী, কর্মশালা, আলোচনাচক্রের আয়োজন করে এই সংগঠন। ভারতবর্ষের ইতিহাস চর্চায় এই সংগঠনের অবদান যথেষ্ট গুরুত্বপূর্ণ। প্রতি বছর কলকাতা শহরে তাদের বার্ষিক প্রদর্শনী ও উৎসব অনুষ্ঠিত হয়। ২০২২ সালে কলিকাতা মুদ্রা পরিষদের ২৪তম বার্ষিক মুদ্রা উৎসবের আয়োজন হয়ে গেলো বালিগঞ্জের হলদিরাম ব্যাঙ্কোয়েট হলে। এবারের এই উৎসবে ভারতবর্ষে প্রথম আন্তর্জাতিক স্তরের মুদ্রা প্রদর্শনী ও অনুষ্ঠিত হল। কলিকাতা মুদ্রা পরিষদের সাথে যৌথ ভাবে নেপাল নিউমিসমেটিক্স সোসাইটি এবারে এই উৎসবে যোগদান করে। মুদ্রা উৎসবের প্রধান আকর্ষণ ছিল মুদ্রা প্রদর্শনী। এই প্রদর্শনীতে দেখা গেলো নেপালের শাসক রাজবংশ ত্রিভুবন, মহেন্দ্র, দেবেন্দ্র ও জ্ঞানেন্দ্রর সময়কালের প্রচলিত মুদ্রা, ব্যাঙ্ক নোট প্রভৃতি। ষষ্ঠ খ্রিস্ট পূর্ব সময়কালে মগধের শাসক বিম্বিসারের সাথে নেপালের লিচ্ছবি গণরাজ্যের প্রধান চেতকের রাজকন্যা চেল্লনার সাথে বিবাহ হয়, সেই সমসাময়িক মুদ্রাও এই প্রদর্শনীতে দেখা গেলো। নেপালের বহু স্মারক মুদ্রাও দেখা যায়। নেপালি কাগুজে মোহর, নেপালি মুদ্রায় বিভিন্ন মন্দিরসহ নেপালি মুদ্রায় হিন্দু ও বৌদ্ধ ধর্মের প্রভাব এই শিরোনামে বিবিধ মুদ্রা প্রদর্শন করেন বিশিষ্ট মুদ্রা সংগ্রাহক সুমিত্র বন্দ্যোপাধ্যায়। পৃথিবী থেকে হারিয়ে যাওয়া বিভিন্ন দেশের মুদ্রা যার মধ্যে পূর্ব জার্মানি, বিয়াফ্রা, হাটি রিভার প্রভিন্স, ফ্রেঞ্চ ইন্দোচীন, প্রাসিয়া



কিংডোম, ম্যাসকট, সোভিয়েত ইউনিয়ন, বোহেমিয়া, রুয়ান্দা, রোডেশিয়া প্রভৃতির মুদ্রা ছিল বিশেষ নজরকাড়া। ডঃ উজ্জ্বল সাহার সংগ্রহ থেকে তৃতীয় খ্রিস্ট পূর্ব সময়ের দ্বিতীয় চন্দ্রগুপ্তের স্বর্ণ মুদ্রা, গুপ্ত শাসক সমুদ্রগুপ্ত স্বর্ণ মুদ্রা, কুমার গুপ্তের স্বর্ণমুদ্রা দেখা যায়। আবার উত্তর পূর্ব ভারতের অহম রাজ্যের ষোড়শ শতকের গদাধর সিংহ, রাজেশ্বর সিংহ, গৌরীনাথ সিংহ রৌপ্য মুদ্রা, কুচবিহার রাজ্যের বিভিন্ন মুদ্রা, ত্রিপুরার মাণিক্য রাজাদের মুদ্রা এই প্রদর্শনীতেই ছিল। মুর্শিদাবাদের অনিকেত সান্যালের সংগ্রহ থেকে পঞ্চদশ শতকের দাউদ শাহ্ কারনানি, সামস আল দিন মুহাম্মদ, জালাল উদ দিন মুহাম্মদের বিভিন্ন মুদ্রা। সংগ্রাহক সহিদুল ইসলামের সংগ্রহ থেকে মুঘল শাসক হুমায়ুন, আকবর, জাহাঙ্গীর, শাহজাহান, ঔরংজেব, নুরজাহান, মুরাদ বকশ মুদ্রা সংগ্রহ। সংগ্রাহক ভিনোদ জাসওয়ালের সংগ্রহ থেকে বঙ্গ প্রদেশের মুর্শিদাবাদ টাঁকশাল থেকে প্রস্তুত বিভিন্ন মুদ্রা। উল্লেখ্য কুচবিহারি রাজ কন্যার সাথে নেপাল রাজ পরিবারের রাজপুত্রের বিবাহ হয়, সেই উপলক্ষে প্রকাশিত মুদ্রা ও এখানে প্রদর্শিত হয়েছে। ২৩ থেকে ২৫ ডিসেম্বর পর্যন্ত কলকাতা এককথায় এক চমকপ্রদ মুদ্রা প্রদর্শনী দেখল। আবার দুই শতাধিকের ওপর মুদ্রা ব্যাবসায়ি এখানে স্টল দিয়ে মুদ্রা কেনাবেচাও করেছেন। এছাড়াও উৎসবের তিন দিন ক্ল্যাসিক্যাল নিউমিসমেটিক্স গ্যালারী, অসওয়াল অ্যান্টিক্স ও ভিরাসাত অক্সান্স এক একদিন বিস্তৃত নিলাম চালিয়েছে, যেখানে ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত থেকে আগত মুদ্রা সংগ্রাহকরা গুরুত্বপূর্ণভাবে যোগদান করেন। কলিকাতা মুদ্রা পরিষদের সম্পাদক রবিশঙ্কর শর্মা একান্ত সাক্ষাকারে জানালেন, ভারতবর্ষের মধ্যে কলিকাতা মুদ্রা পরিষদ প্রথম আন্তর্জাতিক স্তরে, নেপাল নিউমিসমেটিক্স সোসাইটির সাথে যৌথভাবে এমন চমকপ্রদ উৎসবের আয়োজন করল। সর্বস্তরের মানুষের যোগদানে এই উৎসব ভীষণভাবে সফল। আমরা আগামীদিনে সার্ক গোষ্ঠীভুক্ত দেশগুলি নিয়ে প্রদর্শনীর আয়োজন করব বলেই পরিকল্পনা করেছি। সব কিছু মিলিয়ে কলকাতা শহরের ওপর নগরবাসী এক অন্যরকমের উৎসবের আমেজে নিজেদেরকে মাতিয়ে রাখল বলা চলে।

## খড়্গপুর ক্রিসমাস কার্নিভাল

একঝাঁক টলিউড তারকার হাত ধরে অনুষ্ঠিত হল খড়্গপুর ক্রিসমাস কার্নিভাল। উপস্থিত ছিলেন অভিনেত্রী পাওলি দাম, সোহিনী সরকার, এনা সাহা, দেবলীনা দত্ত, শুভ্রজিত মিত্র, মীর, সুমনা কাঞ্জিলাল, সায়ন্তনী গুহঠাকুরতা।

ডিসলী প্রেজেন্টস দিভা অফ



দ্যা ইয়ার বিউটি পেজেন্ট র‍্যাম্প ওয়াল এর মাধ্যমে শুরু হয় অনুষ্ঠান। র‍্যাম্প ওয়াক ছাড়া আর্ট এক্সিবিশন, হ্যান্ডক্রাফট এক্সপো, অঙ্কন প্রতিযোগীতাও ছিল এই অনুষ্ঠানে। বললেন ফেস্টিভ্যালের প্রধান উদ্যোক্তা আবির ব্যানার্জী। পাওলি দাম বলেন এমন একটি কালচারাল অনুষ্ঠানের সাথে যুক্ত থাকতে পেরে খুব ভালো লাগছে। যেখানে অনেকে তাদের নিজের প্রতিভাকে সবার সামনে দেখাতে পারছে। আশা করছি এই অনুষ্ঠান থেকে নতুন মুখ দেখতে পাবো আগামীতে। অনুষ্ঠানের আরো এক চমকে ছিল মির ও তাঁর ব্যান্ডের অসাধারণ পারফরমেন্স। সোহিনী সরকার জানান খড়্গপুরের মতো একটা শহরে এই অনুষ্ঠান দারুন লাগছে। কলকাতা শহরের বাইরে এত বড়ো একটা কার্নিভাল দারুন খুশীর খবর সবার কাছে। এই শহরের কালচারাল দিক আরো উজ্জ্বল হবে এই অনুষ্ঠানের মাধ্যমে।

